সংবাদ

তারিখ 02 SEP 2008
পৃষ্ঠা - ১৮ কলাম - ৫

### বেসরকারি ডিগ্রি কলেজ

# শিক্ষক এমপিওভুক্তির হাইকোর্টে আদেশ বাস্তবায়ন দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি ডিগ্রি কলেজগুলোয় বিষয়ভিত্তিক ৩ জন করে শিক্ষকের এমপিওভুক্তির পক্ষে হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের আদেশ বাস্তবায়নের দাবি জানিয়েছেন বেসরকারি কলেজ শিক্ষক আন্দোলন পরিষদের শিক্ষক নেতারা। তারা এই দাবিগুলো বাস্তবায়নের লক্ষ্যে মার্ধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে একটি স্মারকলিপিও প্রদান করেছেন।

গত রোববার সকালে হাইকোর্টের প্রধান গেটে বেসরকারি কলেজ শিক্ষক আন্দোলন পরিষদ আয়োজিত মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠানে ও মাউশি ডিজিকে দেয়া স্মারকলিপিতে শিক্ষক নেতারা এ দাবি জানান। মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠানে বেসরকারি কলেজ শিক্ষক আন্দোলন পরিষদের আহ্বায়ক মির্জা সিদ্দিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক মো. জিয়ারুল ইসলাম, শামসুননাহার বর্ণা, মো. আলমগীর কবির, তানভির আহমদসহ দেশের ৪২টি জেলা কমিটির প্রতিনিধিরা যোগদান করেন।